দৈনিক জনকণ্ঠ

JAN. 2 1 2001

তারিখ ...............
পৃষ্ঠা ...২... কলাম ...৪...

# বুয়েটের নতুন টার্মের ক্লাস ২৮ জানুয়ারি শুরু ॥ সেশনজট হ্রাসে ব্যর্থতা

**বুয়েট রিপোর্টার** ॥ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) নতুন টার্মের ক্লাস আগামী ২৮ জানুয়ারি হতে শুরু হচ্ছে। এদিকে সেশনজট হ্রাস করতে বুয়েট কর্তৃপক্ষের উদ্যোগ ব্যর্থতায় পর্যবসিত হলো। আবাসিক হলসমূহে আবাসন সমস্যা এবং প্রয়োজনীয় অবকাঠামোগত সুবিধার অভাবে সদ্যভর্তিকৃত ২০০০-২০০১ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ক্লাস চলতি টার্মে অনুষ্ঠিত হচ্ছে না। দেশের অন্যান্য বিশ্ববিদ্যালয়ের মধ্যে সবার আগে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করেছিল। পাশাপাশি যথাসময়ে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের কাছে দ্রুত ক্লাস শুরুর সিদ্ধান্ত জানিয়ে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ চেয়েছিল বুয়েট কর্তৃপক্ষ। কিন্তু মঞ্জুরি কমিশনের নীরব ভূমিকায় ভেস্তে গেল বুয়েটের শুভ উদ্যোগ। উল্লেখ্য, এবার দেশের বিভিন্ন সরকারী বিশ্ববিদ্যালয়কে দ্রুত ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করে নতুন শিক্ষাবর্ষের ক্লাস শুরু করতে সরকারের পক্ষ থেকে বলা হয়েছিল এবং এজন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দের আশ্বাসও দিয়েছিল সরকার। কিন্তু শেষ পর্যন্ত আর্থিক সমস্যার কারণেই বুয়েটের নতুন শিক্ষাবর্ষের ক্লাস শুরু হবে চলতি টার্ম শেষ হওয়ার পর। অর্থাৎ ২০০০-২০০১ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের শিক্ষাজীবনের মূল্যবান ছয় মাস সময় অপচয় হবে। এদিকে সদ্যসমাপ্ত টার্ম ফাইনাল পরীক্ষার ফল ও গ্রেডশীট ২২ ও ২৩ জানুয়ারি সকাল-বিকাল বিতরণ করা হবে। আর চলতি টার্মের রেজিস্ট্রেশন ২৩-২৫ জানুয়ারি অনুষ্ঠিত হবে।